“মুহাম্মাদের পরিবারে কাছে অনেক মহিলা তাদের স্বামীদের বিরুদ্ধে অভিযোগ নিয়ে এসেছে। সুতরাং যারা স্ত্রীদেরকে প্রহার করে তারা তোমাদের মধ্যে উত্তম নয়”।

ইয়াস ইবনু আব্দুল্লাহ ইবনু আবূ যুবাব রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা আল্লাহর দাসীদেরকে মারবে না”। অতঃপর উমার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, মহিলারা তাদের স্বামীদের অবাধ্য হচ্ছে। এরপর তিনি তাদেরকে মৃদু আঘাত করার অনুমতি দিলেন। অতঃপর অনেক মহিলা এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর
স্ত্রীদের কাছে স্বামীদের বিরুদ্ধে মারধরের অভিযোগ করলো। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “মুহাম্মাদের পরিবারে কাছে অনেক মহিলা তাদের স্বামীদের বিরুদ্ধে অভিযোগ নিয়ে এসেছে। সুতরাং যারা স্ত্রীদেরকে প্রহার করে তারা তোমাদের মধ্যে উত্তম নয়”।
[সহীহ] [এটি আবু দাউদ ও ইবনে মাজাহ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম স্ত্রীদের প্রহার করতে নিষেধ করেছেন। তারপর আমির মুমিনীন ওমর ইবনু আল-খাত্তাব রাদিয়াল্লাহু আনহু এসে বললেন: হে আল্লাহর রাসূল, নারীরা তাদের স্বামীদের সাথে বিদ্রোহী হয়ে উঠেছে এবং তাদের চারিত্রিক অবস্থা খারাপ হয়ে গেছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের প্রহার করার অনুমতি দিয়েছেন, কিন্তু কঠোরভাবে নয়, যদি এর কোন কারণ থাকে, যেমন স্বামীর অধিকার পূরণে অস্বীকৃতি, তার অবাধ্যতা ইত্যাদি। এরপর কিছু মহিলা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীদের কাছে এসে তাদের স্বামীদের প্রচণ্ড মারধর এবং এই অনুমতির অপব্যবহারের অভিযোগ করলেন। তাই তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: এই পুরুষরা যারা তাদের স্ত্রীদের প্রচণ্ড মারধর করে তারা তোমাদের মধ্যে উত্তম নয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5821